গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ
(তথ্য ও অভিযোগ শাখা)
www.chapainawabganj.gov.bd

জানুয়ারি ২০১৯ মাসের তথ্য অধিকার আইন , ২০০৯ বাস্তবায়ন সংক্রান্ত জেলা অবেক্ষণ (সুপারভিশন) কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব এ জেড এম নূরুল হক
জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ

তারিখ : ২৩ জানুয়ারি ২০১৯

সময় : দুপুর ৩.৩০ টা

স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, চাঁপাইনবাবগঞ্জ

উপস্থিতি : পরিশিষ্ট –ক

উপস্থিত সম্মানিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয় । সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্যসচিব ও জেলা প্রশাসকের কার্যালয়ের তথ্য প্রদানকারী কর্মকর্তা সভার কার্যপত্র উপস্থাপন করেন। সরকারি কার্যক্রমে দায়বদ্ধতা নিশ্চিতকরণের লক্ষ্যে অধিকতর জনবান্ধব এবং সহজে বিভিন্ন তথ্য সংগ্রহের লক্ষ্যে জেলা প্রশাসনে জেলা তথ্য বাতায়ন খোলা হয়েছে। সেই সাথে সিটিজেন চার্টার মোতাবেক সাত দিনের মধ্যে চাহিত তথ্য প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। সেবা জনগণের দোরগোড়ায় পৌছার লক্ষ্যে জেলা অবেক্ষণ (সুপারভিশন) কমিটির নভেম্বর ২০১৮ মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় :

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	**গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ :** সভায় নভেম্বর ২০১৮ মাসের তথ্য অধিকার আইন ২০০৯ বাস্তবায়ন সংক্রান্ত জেলা অবেক্ষণ (সুপারভিশন) কমিটির সভার কার্যবিবরণী সম্পর্কে জানতে চাওয়া হলে উপস্থিত সদস্যগণ কার্যবিবরণীতে কোন সংশোধনী নেই মর্মে সভাকে অবহিত করেন।	নভেম্বর ২০১৮ মাসের তথ্য অধিকার আইন বাস্তবায়ন সংক্রান্ত জেলা উপদেষ্টা কমিটির সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।	সহকারী কমিশনার, তথ্য ও অভিযোগ শাখা চাঁপাইনবাবগঞ্জ
০২	**তথ্য প্রদানকারী কর্মকর্তা নিয়োগ :** সভায় উপস্থিত সদস্যগণ সভাকে অবহিত করেন যে, সেবা জনগণের দোড়গোড়ায় পৌছানোর জন্য জেলাসহ সকল উপজেলার সরকারি, বেসরকারি, ব্যাংক শিক্ষা প্রতিষ্ঠান তথা প্রতিটি দপ্তরে তথ্য প্রদানকারী কর্মকর্তা নিয়োগ প্রদান না করা থাকলে তা দ্রুত নিয়োগ করতে হবে এবং এ সংক্রান্ত পত্র জেলা প্রশাসনে প্রেরণ করার বিষয়ে আলোচনা করেন।	জেলাসহ সকল উপজেলা পর্যায়ের সকল দপ্তর, এনজিও, শিক্ষা প্রতিষ্ঠানে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য প্রদানকারী কর্মকর্তা নিয়োগ করে তার নাম ও ফোন নং ও ইমেইল ঠিকানা তথ্য ও অভিযোগ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ বরাবর প্রেরণ করতে হবে। সেই সাথে তথ্য প্রদানকারী কর্মকর্তার নাম সম্বলিত তালিকা প্রতিষ্ঠানের জনসম্মুখের দেয়ালে লাগিয়ে রাখতে হবে।	ক) জেলা পর্যায়ের (সকল) দপ্তর প্রধান, ব্যাংক, এনজিও, শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, চাঁপাইনবাবগঞ্জ খ) উপজেলা নির্বাহী অফিসার (সকল), চাঁপাইনবাবগঞ্জ গ) সহকারী কমিশনার, তথ্য ও অভিযোগ শাখা চাঁপাইনবাবগঞ্জ

০৩	**ওয়েব পোর্টাল হালনাগাদ করণ:** নাগরিক সেবা সহজীকরণের লক্ষ্যে সিটিজেন চার্টার মোতাবেক সেবাপ্রদানসহ জেলা ও উপজেলার সকল দপ্তরে তথ্য বাতায়ন হালনাগাদ করে আপডেট তথ্য ফেসবুক পেজে প্রচার এবং তা উর্ধ্বতণ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়।	সিটিজেন চার্টার প্রণয়ন করে তা নিজ দপ্তরের দৃশ্যমান স্থানে প্রদর্শন নিশ্চিত করতে হবে। সেই সাথে দপ্তরের তথ্য বাতায়ন হালনাগাদ রয়েছে কি-না তা দপ্তর প্রধানগণকে সজাগ দৃষ্টি রাখতে অনুরোধ করেন।	ক) জেলা পর্যায়ের (সকল) দপ্তর প্রধান, ব্যাংক, এনজিও প্রধান, শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, চাঁপাইনবাবগঞ্জ খ) সহকারী কমিশনার, তথ্য ও অভিযোগ শাখা, চাঁপাইনবাবগঞ্জ গ) সহকারী প্রোগ্রামার, অত্র কার্যালয়
০৪	**তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়ন সংক্রান্ত প্রচারণা :** সরকার ঘোষিত নীতি ও কর্মসূচির যথাযথ বাস্তবায়নের মাধ্যমে কাঙ্খিত লক্ষ্য অর্জন ও সরকারি কার্যক্রমে দায়বদ্ধতা নিশ্চিতকরণের নিমিত্ত জেলাসহ উপজেলা পর্যায়ে তথ্য অধিকার নিশ্চিত করা হলে সরকারি ও বেসরকারি সংস্থার স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে, দুর্নীতি হ্রাস পাবে ও সুশাসন প্রতিষ্ঠিত হবে। এ সম্পর্কে ব্যাপক জনসচেতনতা সৃষ্টি ও ইন্টারনেটের মাধ্যমে সেবা প্রদানকে অগ্রাধিকার দেয়ার বিষয়ে আলোচনা করা হয়।	উপজেলা মাসিক সভায় এবং ইউনিয়ন পরিষদের মাসিক সভায় তথ্য অধিকার আইন, ২০০৯ সম্পর্কে জনগণকে অবহিত করনের বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে অনুরোধ করা হয়।	ক) উপজেলা নির্বাহী অফিসার (সকল) চাঁপাইনবাবগঞ্জ খ) সহকারী কমিশনার, তথ্য ও অভিযোগ শাখা, চাঁপাইনবাবগঞ্জ গ) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) চাঁপাইনবাবগঞ্জ
০৫	**সরকারি ও বেসরকারি সংস্থার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অনলাইন প্রশিক্ষণ :** সেবা কার্যক্রমে আরো গতিশীলতা আনয়ণের লক্ষ্যে জনগণের দোরগোড়ায় পৌছার লক্ষ্যে সেইসাথে সরকারের নিরাপত্তা বেষ্টনী তৈরিতে জনগণ খুব সহজে এবং অল্প সময়ে সরকার কর্তৃক সকল সুবিধা প্রাপ্তি নিশ্চিতকরণের ক্ষেত্রে সরকারি ও বেসরকারি সকল সংস্থার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অনলাইন প্রশিক্ষণ সমাপ্ত করে সনদপত্র গ্রহণ বিষয়ে আলোচনা করা হয়।	তথ্য অধিকার আইন ২০০৯ বাস্তবায়নের লক্ষ্যে নাগরিকের তথ্য প্রাপ্তি নিশ্চিতকরণের জন্য সরকারি ও বেসরকারি সকল সংস্থার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অনলাইন প্রশিক্ষণ গ্রহণ করে প্রাপ্ত সনদপত্রের ছায়াকপি জেলা প্রশাসনসহ উর্ধ্বতণ কর্তৃপক্ষকে অবহিত করতে অনুরোধ করা হয়।	ক) জেলা পর্যায়ের (সকল) দপ্তর প্রধান, ব্যাংক, এনজিও প্রধান, শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, চাঁপাইনবাবগঞ্জ খ) উপজেলা নির্বাহী অফিসার (সকল), চাঁপাইনবাবগঞ্জ গ) সহকারী কমিশনার, তথ্য ও অভিযোগ শাখা, চাঁপাইনবাবগঞ্জ ঘ) সহকারী প্রোগ্রামার, অত্র কার্যালয়

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(এ জেড এম নূরুল হক)
জেলা প্রশাসক
চাঁপাইনবাবগঞ্জ
ফোন : +৮৮০৭৮১-৫২৩০০ (অফিস)
ফ্যাক্স: +৮৮০৭৮১-৫২৫৭৬/০৭৮১ ৫১০৩২
ই-মেইল: dcchapainawabganj@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ
(তথ্য ও অভিযোগ শাখা)
www.chapainawabganj.gov.bd

নং-০৫.৪৩.৭০০০.০২৩.০২.০০৪.১৮-২৬(৪০)

তারিখ : ১১ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ
২৪ জানুয়ারি ২০০১৯ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৬। সচিব, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৮। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৯। সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা
১০। সচিব, তথ্য কমিশন, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা
১১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
১২। উপসচিব, আইসিটি, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩। উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/গোমস্তাপুর/নাচোল/ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ
১৪। ....
..............................চাঁপাইনবাবগঞ্জ

(খাদিজা বেগম)
সহকারী কমিশনার
ও
সদস্য সচিব
তথ্য অধিকার আইন বাস্তবায়ন সংক্রান্ত জেলা উপদেষ্টা কমিটি
চাঁপাইনবাবগঞ্জ
ফোন: +৮৮০৭৮১-৬১৩২২ (অফিস)
ই-মেইল-ictsectiondcoffice@gmail.com

E:\তথ্য সভার কার্যবিবরণী.doc